



নোটিশ- ভর্তি/ ২০২৬/ ০১

তারিখ: ২২ জানুয়ারি ২০২৬ খ্রি:

২০২৫-২৬ সেশনের ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের ভর্তি কার্যক্রম সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এ ভর্তির জন্য চূড়ান্ত প্রার্থীগণ আগামী ২৩ জানুয়ারি ২০২৬ হতে ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের (৩০ জানুয়ারি ব্যতীত) মধ্যে প্রতিদিন সকাল ০৯০০ হতে ১৫০০ ঘটিকা পর্যন্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

২। ক্যাডেটদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য অনলাইনের মাধ্যমে (cadet.bmab.gov.bd) আগামী ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে প্রদান করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য মোঃ নাহিদ হাসান, আইটি সহকারি (ফোন নম্বর -০১৮৫৫-৫৬৪৪৩৩) এর সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

৩। ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্বাচিত সকল প্রার্থী কর্তৃক নিজ খরচে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল অথবা যে কোন সরকারি হাসপাতাল ও সরকারি প্যাথলজিক্যাল ল্যাব থেকে (শারীরিক বিকৃতি, Squint, তোতলামি, Dope Test, শ্রবণ শক্তি, CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE For DA Health Screening Profile) সম্পন্ন করে রিপোর্ট সংগ্রহ করতে হবে। সংগ্রহকৃত স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট ও এই বিজ্ঞপ্তিসহ সিভিল সার্জন, বন্দররোড, স্টিমারঘাট, বরিশাল অথবা সুবিধাজনক সিভিল সার্জন কার্যালয় এ উপস্থিত হয়ে সিভিল সার্জন কর্তৃক মেডিকেল সার্টিফিকেট/প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে। সকল স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট ও সিভিল সার্জন কর্তৃক সার্টিফিকেট/প্রত্যয়নপত্র সহ নির্বাচিত সকল প্রার্থীকে আগামী ২৩ জানুয়ারি ২০২৬ হতে ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে (৩০ জানুয়ারি ব্যতীত) বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এ উপস্থিত হতে হবে।

৪। বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর জন্য নির্বাচিত সকল প্রার্থীকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে।

(ক) সোনালী ব্যাংক লিঃ এর বাংলাদেশের যেকোন শাখা হতে General Fund BMAB, সোনালী ব্যাংক লিঃ, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে ৩০,০০০/০০ (ত্রিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য)।

(খ) S.S.C মূল সনদ।

(গ) H.S.C মূল সনদ/প্রশংসা পত্র।

(ঘ) S.S.C মূল মার্কশিট।

(ঙ) H.S.C মূল মার্কশিট।

(চ) S.S.C & H.S.C মার্কশিট ও সনদের ফটোকপি-০২ সেট।

(ছ) Unmarried Certificate (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/চেয়ারম্যান/কাউন্সিলর এর নিকট হতে সংগ্রহ করতে হবে)।

(জ) Birth Certificate (ফটোকপি-২ কপি)।

(ঝ) Parent's Income Certificate (অভিভাবকের মধ্যে চাকুরীরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর থেকে আয়কর সনদ/আয়কর রিটার্ন অথবা অফিস প্রধান কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র এবং অন্যান্য অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ থেকে প্রদত্ত বাৎসরিক আয়ের সনদপত্র দাখিল করতে হবে)।

(ঞ) Passport Size Photographs (White shirt with blue background)- 4 Copies.

(ট) Application Form (ওয়েবসাইট থেকে নমুনা ফরম ডাউনলোড করে লিগাল সাইজের (8.5"×14") পেইজে রঞ্জিন প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে) (নমুনা ফরম ডাউনলোড করতে এখানে [ক্লিক করুন](#))।

(ঠ) মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষার Application Form (Preliminary) এবং Admit Card নিয়ে আসবেন।

(ড) ১০০ টাকার ০৩টি স্ট্যাম্প এ ওয়েবসাইটের নমুনা অনুযায়ী Indemnity Bond স্ট্যাম্প এর উপর প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে (নমুনা ফরম ডাউনলোড করতে এখানে [ক্লিক করুন](#))।

(ঢ) ৫০ টাকার স্ট্যাম্প এ ওয়েবসাইটের নমুনা অনুযায়ী অভিভাবকের অঙ্গীকারনামা স্ট্যাম্প এর উপর প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে (নমুনা ফরম ডাউনলোড করতে এখানে [ক্লিক করুন](#))।
(গ) মানসিক, হাঁপানী, মৃগীসহ সহ দীর্ঘস্থায়ী/জটিল কোন প্রকার ক্রনিক রোগে আক্রান্ত নয় এই মর্মে প্রার্থীর ঘোষণাপত্র স্বহস্তে পূরণ করতে হবে (নমুনা ফরম ডাউনলোড করতে এখানে [ক্লিক করুন](#))।

যোগাযোগ:

তামিম হাসান
কম্পিউটার অপারেটর
মোবাইল: ০১৭২৯-৫৬৯৯৪০

লে: কমান্ডার মোঃ আনিসুর রহমান সিদ্দিকী, (জি), বিএন
অ্যাডজুটেন্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল
মোবাইল: ০১৭৬৯-৭৬২৩০৭
ই-মেইল: chiefedu.bmab@gmail.com

বি:দ্র:

- ১। প্রয়োজনীয় সকল কাগজপত্রের নমুনা বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর ওয়েবসাইটের [ডাউনলোড](#) মেন্যু হতে ডাউনলোড করা যাবে।
- ২। সকল প্রকার কাগজপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।
- ৩। যে সকল প্রার্থী ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে একাডেমিতে ভর্তি হবেন না, তাদের আসন শূণ্য ঘোষণা করা হবে। উল্লেখ্য যে, কোন ক্রমেই ভর্তির তারিখ বর্ধিত করা হবে না বা নির্ধারিত তারিখের পর ভর্তির অনুরোধ/আবেদন গ্রহণ করা হবে না।

লেঃ কমান্ডার মোঃ আনিসুর রহমান সিদ্দিকী, (জি), বিএন
অ্যাডজুটেন্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল